

## প্রকল্প পরিচালকের কার্যালয়

৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন  
ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন প্রকল্প  
বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা),  
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-২৪.০৫.০০০০.৫৪১.১১.০০১.১৮.১৪

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৫  
১০ এপ্রিল ২০১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তাঁত বোর্ডের বাস্তবায়নধীন '৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন' শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত শর্তে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্র:নং	পদের নাম ও বেতন গ্রেড	পদের সংখ্যা	বয়স	বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উপসহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-১০)	১ জন	সর্বোচ্চ ৩০ বছর।	২৭,১০০/- (সাকুল্যে বেতন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং।
২।	কার্য সহকারী (গ্রেড-১৪)	২ জন	সর্বোচ্চ ৩০ বছর।	১৮,৩০০/- (সাকুল্যে বেতন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং।
৩।	হিসাব সহকারী (গ্রেড-১৪)	১ জন	সর্বোচ্চ ৩০ বছর।	১৮,৩০০/ (সাকুল্যে বেতন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বণিজ্যে স্নাতক ডিগ্রী। কম্পিউটার জ্ঞান সম্পন্ন প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১ জন	সর্বোচ্চ ৩০ বছর।	১৭,০৪৫/- (সাকুল্যে বেতন)	কমপক্ষে এইচ.এস.সি পাশ। কম্পিউটার অপারেশন এবং ডাটা এন্ট্রি কন্ট্রোল/অপারেটিং এ ভালো দক্ষতা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

#### শর্তাবলীঃ

- (১) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ০১ (এক) পাতার ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তিসহ উক্ত ফরমটি বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট [www.bhb.gov.bd](http://www.bhb.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।
- (২) আবেদনপত্র প্রকল্প পরিচালক, '৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন' প্রকল্প বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবে এবং দরখাস্ত আগামী ০১-০৫-২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৩) সকল সনদের একসেট সত্যায়িত ফটোকপি ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- (৪) দরখাস্তের সাথে শুধুমাত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং ০২ (দুই) কপি ছবি স্ট্যাপলার দিয়ে লাগিয়ে দিতে হবে।
- (৫) ০১-০৫-২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনির ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- (৬) প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে কোটা নীতি (প্রযোজ্য হলে) অনুসরণ করা হবে।
- (৭) নিয়োগ পরবর্তী শূন্য পদ পূরণের জন্য অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে এবং উক্ত তালিকা হতে শূন্যপদ পূরণ করা হবে।
- (৮) খামের উপর প্রকল্পের নাম ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- (৯) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- (১০) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- (১১) কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোহাম্মদ নাসিরউদ্দিন  
প্রকল্প পরিচালক

